

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা মন্ত্রণালয়  
পরিকল্পনা বিভাগ  
কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা  
www.plandiv.gov.bd

**২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) টিমের ১১ তম সভার কার্যবিবরণী।**

সভার তারিখঃ ১০ জুন, ২০২১ খ্রিঃ।  
সময়ঃ সকাল- ১১.০০ ঘটিকা।  
সভাঃ জুম সভা।  
সভাপতিঃ জনাব মোঃ দেলোয়ার হোসেন, অতিরিক্ত সচিব (বাজেট)  
পরিকল্পনা বিভাগ।

**জুম সভায় অংশগ্রহণকারী কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক'**

১.০০ সভাপতি জুম সভায় অংশগ্রহণকারী সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। সভাপতি সভায় চলতি ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপনের জন্য উপসচিব (এপিএ) -কে অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (এপিএ) সভায় চলতি ২০২০-২১ অর্থবছরে পরিকল্পনা বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর ১১ তম সভার বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন।

২.০০ ১০ম সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি:

সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি
ক) বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়নের হার বৃদ্ধির নিমিত্ত সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকদের চলতি অর্থ-বছরের মধ্যে ক্রয় পরিকল্পনা অনুযায়ী বাস্তবায়নের কাজ সম্পন্ন করতে হবে;	ক) সংশ্লিষ্ট সকলকে তাগিদ প্রদান করা হয়েছে।
খ) এনএপিডি কর্তৃক বোর্ড অব গভর্নরস সভা আয়োজনের বিষয়ে উদ্যোগ গ্রহণ করতে হবে;	খ) এনএপিডির বোর্ড অব গভর্নরস সভা আয়োজনের কার্যক্রম চলমান।
গ) ই-নথি কার্যক্রম আরও ফলপ্রসূ করার জন্য আইসিটি সেল ও সংশ্লিষ্ট সকলকে আরও উদ্যোগী হতে হবে।	গ) ই-নথি কার্যক্রম ত্বরান্বিত করার জন্য প্রয়োজনীয় সহায়তা প্রদানের জন্য আইসিটি সেল-কে মৌখিক অনুরোধ জানানো হয়েছে।

৩.০০ উপসচিব (এপিএ) সভায় অবহিত করেন যে, এপিএ বিষয়ক নির্ধারিত প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়ন কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া তিনি আরও অবহিত করেন যে, ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় কার্য সম্পাদনের হার সন্তোষজনক নয় তবে কার্যক্রম চলমান রয়েছে।

৪.০০ সভায় এনএপিডি'র এপিএ বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করা হয়। সভাকে জানানো হয় যে, মোট ৩২ টি কার্যক্রমের মধ্যে ২৪ টি পূর্ণ বাস্তবায়িত হয়েছে। অবশিষ্ট ০৮ টি কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করা হবে। ইতোমধ্যে মাসিক ১১ (এগারটি) সভা সম্পন্ন হয়েছে। বাকি একটি সভা খুব শীঘ্রই অনুষ্ঠিত হবে। ইতোমধ্যে ৪টি মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। বিআইডিএস'র এপিএ বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে সভাকে জানানো হয়েছে যে, চলতি ২০২০-২১ অর্থ-বছরে গবেষণা সমীক্ষা ১৮ টি লক্ষ্যমাত্রা থাকলেও এ পর্যন্ত মাত্র ৭ টি সম্পাদিত হয়েছে। এপিএ টিমের ৯ টি মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে। ই-নথিতে ৭৩.৫% নথি নিষ্পত্তি হয়েছে। ইন হাউজ প্রশিক্ষণগুলো প্রদান করা হয়েছে। স্বাবর অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদ করা হয়েছে। অবহিতকরণ ৩টি সভা অনুষ্ঠিত হয়েছে আর একটি সভা অনুষ্ঠিত হবে। চলতি ২০২০-২১ অর্থ-বছরের অসমাপ্ত কর্মসম্পাদন সূচকগুলো বাস্তবায়নের কাজ চলমান আছে।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য;

৫.০০ সভায় আরও জানানো হয় যে, আগামী ২০২১-২২ অর্থবছরের এপিএ প্রণয়ন কার্যক্রম বিএমসি এর অনুমোদনক্রমে ১৫/০৬/২১ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। আগামী ১৩/০৬/২১ তারিখে বিএমসি সভা অনুষ্ঠিত হবে। ইতোমধ্যে নৈতিকতা কমিটির অনুমোদনক্রমে আগামী ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার খসড়া মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রদত্ত এপিএ বিষয়ক অন্যান্য কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

৬.০০ সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

- ক) চলতি অর্থ-বছরের অবশিষ্ট সময়ের মধ্যে অসমাপ্ত সকল কর্মসম্পাদন সূচক সম্পাদন করতে হবে;  
খ) এনএপিডি ও বিআইডিএস কর্তৃক অসমাপ্ত কর্মসম্পাদন সূচকগুলো দ্রুত সম্পাদন করতে হবে;  
গ) চলতি ২০২০-২১ অর্থ-বছরের এপিএ'র ৪র্থ ত্রৈমাসিক ও বার্ষিক অগ্রগতির প্রতিবেদন আগামী ২০/০৬/২১ তারিখের মধ্যে পরিকল্পনা বিভাগে প্রেরণ করতে হবে।

৭.০০ অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

১০/০৬/২১

(মোঃ দেলোয়ার হোসেন)

অতিরিক্ত সচিব (বাজেট)

ও

এপিএ টিম লিডার

পরিকল্পনা বিভাগ।

নং-২০.০০.০০০০.৩২৮.৪২.০০১.২০-১৮২


তারিখঃ ২৭ জ্যৈষ্ঠ, ১৪২৮ বঙ্গাব্দ  
১০ জুন, ২০২১ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ

- ১। সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, পরিবহনপুল ভবন, ঢাকা।
- ২। যুগ্মসচিব (এপিএ ও বাজেট), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
- ৩। যুগ্মপ্রধান সমন্বয় (সকল), পরিকল্পনা কমিশন, ঢাকা।
- ৪। যুগ্মপ্রধান, এনইসি একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
- ৫। উপসচিব (এসএসআরসি/সাধারণ/এপিএ/পিটি ও পরিকল্পনা/ অডিট), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
- ৬। পরিচালক (প্রঃ ও অর্থ), জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমী, নীলক্ষেত্র, ঢাকা।
- ৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
- ৮। সচিব, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান, আগারগাঁও, ঢাকা।
- ৯। বাজেট অফিসার, বাজেট শাখা, পরিকল্পনা বিভাগ, ঢাকা।

অনুলিপি সদয় অবগতির জন্য:

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
২. প্রোগ্রামার, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা (কার্যবিবরণীটি ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
৩. অতিরিক্ত সচিব (বাজেট) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা, ঢাকা।
৪. অফিস কপি।

  
২০/৬/২০২১

(মোঃ রফিকুল ইসলাম)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৯১৮০৭৯২